লংমার্চের নামে গাড়িমার্চ করছে

লংমার্চের নামে ১১ দলীয় ঐক্য জোট গাড়িমার্চ করছে বলে মন্তব্য করেছেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রী নিতাই রায় চৌধুরী।

শনিবার(৩১ অক্টোবর) দুপুর আড়াইটার দিকে চুয়াডাঙ্গা সার্কিট হাউজে জেলা প্রশাসন, পুলিশ বিভাগ ও সাংস্কৃতিক কর্মীদের সাথে মতবিনিময় সভার শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রী বলেন, ‘লংমার্চের ইতিহাস হচ্ছে- লংমার্চ পায়ে হেঁটে করতে হয়। কিন্তু তারা যেটা করছে সেটাকে গাড়ি মার্চ বলে। এই গাড়ি মার্চের মাধ্যমেই তারা তাদের কথা বলবে, মানুষ শুনবে। এগুলো নিয়ে আমাদের মন্তব্য নেই। এটি তাদের ব্যাপার। আমরা চাই একটা দেশে যাদের রাজনীতি করার অধিকার আছে, তারা রাজনীতি করুক।’

মতবিনিময় সভায় জেলার মাদক, চোরাচালান, বাল্যবিবাহ ও আত্মহত্যা প্রবণতা রোধ করার পদ্ধতি নিয়ে আলোচনা করে জেলার কর্মকর্তাদের সাথে। এসময় জেলায় আইনশৃঙ্খলাবাহিনীর আরও কঠোর ভাবে দায়িত্ব পালনের আদেশ দেন।

বর্তমান আইনশৃঙ্খলা প্রসঙ্গে নিতাই রায় চৌধুরী বলেন, `দেশের আইনশৃঙ্খলা ধীরে ঠিক হচ্ছে। আসা করছি চুয়াডাঙ্গাতেও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক হবে। এজন্য পুলিশ প্রশাসনসহ সকলকে কাজ করতে হবে। তাহলে আইনশৃঙ্খলা পরিস্থিতি সবসময় স্বাভাবিক থাকবে।’

এসময় সভায় উপস্থিত ছিলেন, জেলা প্রশাসক লুৎফুন নাহার, পুলিশ সুপার মেহেদী শাহরিয়ার ও জেলা পরিষদের প্রশাসক শরীফুজ্জামান, প্রমুখ। পরে জেলা শিল্পকলা একাডেমি চত্বরে সপ্তাহব্যাপী নজরুল উৎসবের সমাপনী অনুষ্ঠানে অংশ নেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রী।

বিএনপি সরকার ব্যার্থ হওয়ার জন্য আসেনি- সংস্কৃতি মন্ত্রী নিতাই রায় চৌধুরী

বিএনপি সরকার ব্যার্থ হওয়ার জন্য আসেনি। এই সরকার সরাসরি জনগণের ভোটে নির্বাচিত সরকার। তাই আমরা ব্যার্থ হব না। আমরা দেশকে নতুন করে ঢেলে সাজাবো। ব্যার্থতার জায়গাগুলোকে আমরা চিহ্নিত করে জঞ্জাল পরিস্কার করে নতুন বাংলাদেশ তৈরী করব বলে জানিয়েছে সংস্কৃতি বিষয়ক মন্ত্রী এ্যাড. নিতাই রায় চৌধুরী।

গতকাল শুক্রবার সকালে ঝিনাইদহ জেলা পরিষদ ও জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে বৃক্ষরোপন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি একথা বলেন।

মন্ত্রী বলেন, বিগত ১৮ বছরে দেশের শিক্ষা, সংস্কৃতি, আইন, আর্থিক প্রতিষ্ঠানসহ সকল প্রতিষ্ঠান ধংস করা হয়েছিলো। সেগুলো নতুন জাগানোর চেষ্টা করা হচ্ছে। আমরা সেই জায়গাগুলোতে কাজ করছি। এদেশের সংস্কৃতি রক্ষায় বিশ্বের বিভিন্ন দেশের সাথে আমাদের কাজ চলছে।

জেলার শিল্পকলা একাডেমীতে নতুন করে সুস্থ ধারার যাত্রা আবারো শুরু হচ্ছে জানিয়ে মন্ত্রী বলেন, বিগত দিনের অশ্লীল যাত্রা বাদ দিয়ে জীবনমুখী যাত্রা আমরা শুরু করতে যাচ্ছি।

পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলার সাংস্কৃতিক কর্মীদের সাথে মতবিনিময় করেন মন্ত্রী। জেলা প্রশাসক নোমান হোসেন, জেলা পরিষদের প্রশাসক এ্যাড. এম এ মজিদ, পুলিশ সুপার মিয়া মোহাম্মদ আশিস বিন হাসানসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।